৮০

আজকের কাগজ

তারিখ ... 14 MAR 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে নবাগত ছাত্র–ছাত্রীরা শিবিরের হাতে জিম্মি

**ভ্রাম্যমান প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইসলামী চেতনা লালনকারী বেশ ক'টি ছাত্র সংগঠনের অস্তিত্ব বেশ জোরে সোরেই পরিলক্ষিত হচ্ছে। এরমধ্যে ঘাতক শিবির সবার শীর্ষে। এছাড়া রয়েছে ইসলামী ছাত্র মজলিস, জমিয়তে তালাবায়ে আরাবিয়া, ইসলামী শাসনতন্ত্র আন্দোলন প্রভৃতি। ছাত্র শিবির তার বিস্তৃতি ও কীর্তি দিয়ে প্রমাণ করতে সদা ব্যস্ত–যে, ইসলামী বিশ্ববিদ্যালয়ে শুধু থাকবে ইসলামী ছাত্র-শিবির। চট্টগ্রাম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মতো এখানেও একটা মিনি ক্যান্টনমেন্ট, অস্ত্রাগার বানাবার প্রয়াস তাদের আজকের নয়। এ ব্যাপারে তারা দু'ধরনের কৌশল অবলম্বন করে থাকে– জনসংযোগ ও ভীতি প্রদর্শন। জনসংযোগের মধ্যে উল্লেখযোগ্য হলো, মসজিদ–মাদ্রাসাগুলোতে নিয়মিত তাফসির, মাহফিল, কোরানখানি, ইসলামের দাওয়াত, পুস্তিকা ও প্রচারপত্র বিলি, ক্যালেন্ডার, ডায়েরী প্রদান ইত্যাদি। নবাগত ছাত্র–ছাত্রীদের সঙ্গে বেশ আলাপ জমিয়ে নিয়ে সংগঠনে ভিড়িয়ে নিতে এদের জুড়ি মেলা ভার। নরম কথায় কাজ না হলে চলে ভীতি প্রদর্শনের পালা সাধারণ ছাত্র–ছাত্রীরা যখনই প্রত্যক্ষ করবে ইসলামী বিশ্ববিদ্যালয় সম্পূর্ণ শিবিরের হাতে জিম্মি, তখনই তার অগতির গতি হিসেবে ভিড় জমাতে থাকবে ছাত্র–শিবিরে।